গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(স্থানীয় সরকার শাখা)
মানিকগঞ্জ।
www.manikganj.gov.bd

০৪ বৈশাখ ১৪৩০

স্মারক নং ০৫.৩০.৫৬০০.২০৩.০২.০৫০.২৩-১৫৮ তারিখ :-------------------
১৭ এপ্রিল ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের সচিবের ০৪ (চার) টি শূন্যপদে নিয়োগের নিমিত্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা এর ইউনিয়ন পরিষদ-২ শাখার ০৪ এপ্রিল ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-৪৭ নং স্মারকে জারিকৃত ছাড়পত্রের আলোকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের লক্ষ্যে আগামী ৩১.০৫.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল | শূন্য পদ সংখ্যা | মোট পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব | গ্রেড-১৪ স্কেল = ১০২০০-২৪৬৮০/-টাকা | ০৪ (চার) টি | ০৪ (চার) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় |

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ বরাবর নির্ধারিত ছকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ৩১.০৫.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের কপি www.manikganj.gov.bd এর ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনটি ত্রুটিযুক্ত ও বাতিল বলে গণ্য হবে।

০৩। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতেহবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্যতোলা পার্সপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি (৫*৫ সে.মি.)।

খ) সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর অনুকূলে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনকারী কর্তৃক আবেদনপত্রের সাথে পদের নাম, প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট লাগানো একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

ঘ) প্রার্থীর বয়স ৩১.০৫.২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি নাতনিদের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রকাশিত পত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ এর নির্দেশনা মোতাবেক ২৫ মার্চ, ২০২০ তারিখে যারা সর্বোচ্চ বয়স সীমায় পৌঁছেছেন তারাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন।

ঙ) প্রার্থীর নিজ এলাকার পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সম্পর্কিত সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ) খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপাশে আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

ছ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঝ) সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সিল থাকতে হবে।

ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত ফটোকপি।

ট) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে, তাদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি

প্রদর্শন করতে হবে। কোন প্রকার সনদপত্র দেখাতে ব্যর্থ হলে বা কোন সনদপত্র অসত্য প্রমাণিত হলে প্রার্থীর আবেদনপত্র এবং লিখিত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ঠ) ইউনিয়ন পরিষদ সচিব এর পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততি ও পোষ্য/মহিলা/আনসার/ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

০৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭। কোন তথ্য গোপন করে/ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৯। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখা এর ৩০.০৬.২০১৯ তারিখে ০৫.০০.০০০১.৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা/মহিলা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম/শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষার সদস্য) কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে অপূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধাতালিকার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে।

১১। পদ শূন্য থাকাসাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশি করতে পারবেন।

১৭.০৪.২০২৩

(মুহাম্মদ আব্দুল লতিফ)
জেলা প্রশাসক
মানিকগঞ্জ।
ফোন : ০২-৯৯৬৬১০৩৯৫৫
ই-মেইল: dcmanikganj@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৬০০.২০৩.০২.০৫০.২৩-১৫৮

০৪ বৈশাখ ১৪৩০
তারিখ ঃ-------------------
১৭ এপ্রিল ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক............................(সকল)।
০৫। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৬। সিভিল সার্জন, মানিকগঞ্জ।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)............................, মানিকগঞ্জ।
০৯। মেয়র, মানিকগঞ্জ/সিংগাইর পৌরসভা, মানিকগঞ্জ।
১০। উপজেলা নির্বাহী অফিসার......................................(সকল), মানিকগঞ্জ।
১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মানিকগঞ্জ।
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, মানিকগঞ্জ (তাঁকে উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি ও চাকুরীর আবেদন ফরমটি জেলা প্রশাসক, মানিকগঞ্জ এর ওয়েব সাইট www.manikganj.gov.bd-তে প্রচারের অনুরোধসহ)।
১৩। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, মানিকগঞ্জ।
১৪। জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ (তাঁকে উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
১৫। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মানিকগঞ্জ জেলা ইউনিট।
১৬। চেয়ারম্যান, .................... ইউনিয়ন পরিষদ (সকল), .........................., মানিকগঞ্জ।
১৭। সভাপতি/সম্পাদক, দৈনিক ....................................................(বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ......../০৪/২০২৩ তারিখের মধ্যে ১০X৪ ইঞ্চি সাইজে ভিতরের পৃষ্ঠায় একদিনের জন্য প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৮। নোটিশ বোর্ড/অফিস কপি।

১৭.০৪.২০২৩
জেলা প্রশাসক
মানিকগঞ্জ।

সম্প্রতি তোলা ছবি

## চাকরির আবেদন ফরম

বরাবর

জেলা প্রশাসক
মানিকগঞ্জ।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম: | | | | | | | | | | | |
| ২ | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩ | প্রার্থীর নাম: | বাংলায়ঃ | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | |
| ৫ | জন্ম তারিখ: | | ৬. জন্ম স্থান (জেলা) | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | | |
| ৮ | মাতার নাম: | | | | | | | | | | | |
| ৯ | পিতার নাম: | | | | | | | | | | | |
| ১০ | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | | | | | | | | | |
| | বাসা ও সড়ক(নাম/নম্বর): | | | | | | | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | | | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | | | | | | | |
| | ডাকঘর: | | | | | | | | | | | |
| | পোস্টকোড নম্বর | | | | | | | | | | | |
| | উপজেলা: | | | | | | | | | | | |
| | জেলা: | | | | | | | | | | | |
| ১১ | যোগাযোগ | মোবাইল/টেলিফোন নম্বর : | ই-মেইল (যদি থাকে) | | | | | | | | | |
| ১২ | জাতীয়তা: | | ১৩ | জেন্ডার ঃ | | | | | | | | |
| ১৪ | ধর্ম: | | ১৫ | পেশা: | | | | | | | | |

| ১৬ | শিক্ষাগত যোগ্যতা | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯ | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২০ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর